**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আগাম সতর্কতার তাগিদ দিলেন যেহেতু বৃহস্পতিবার থেকে শনিবার পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের অধিকাংশ শীতকালীন ঝড় দ্বারা আক্রান্ত হওয়ার আশঙ্কা রয়েছে

***শনিবার পর্যন্ত নর্থ কান্ট্রির কিছু অংশে 12 থেকে 18 ইঞ্চি তুষারপাতের আশঙ্কা রয়েছে, এবং মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার এবং ক্যাপিটাল রিজিয়নের কিছু অংশে 8 থেকে 12 ইঞ্চি তুষারপাতের আশঙ্কা রয়েছে।***

***ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সাউদার্ন টিয়ার, এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে শীতকালীন তুষার ও মিশ্রণের আশঙ্কা রয়েছে***

***শীতকালীন আবহাওয়া একাধিক অঞ্চলে বিপজ্জনক যাতায়াতের পরিস্থিতির কারণ হবে, এবং ভারী তুষারপাতের এলাকায় বিদ্যুৎ বিভ্রাটের সম্ভাবনা রয়েছে***

***গভর্নর হোকল বৃহস্পতিবার বিকা থেকে শুক্রবার পর্যন্ত আক্রান্ত এলাকায় কোনও অপ্রয়োজনীয় যাতায়াত না করার তাগিদ দিলেন***

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি শীতকালীন ঝড়ের পূর্বাভাসকে সামনে রয়েছে আগাম সতর্কতা অবলম্বনের তাগিদ দিয়েছেন যা স্টেটের অধিকাংশকে প্রভাবিত করবে বিশেষ করে নর্থ কান্ট্রি, মোহক ভ্যালি, ক্যাপিটাল রিজিয়ন, মিড হাডসন এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চল, যেখানে তুষার ও বৃষ্টির একটি মিশ্রণ বৃহস্পতিবার শুরু হয়ে শুক্রবার পর্যন্ত চলতে পারে। বৃহস্পতিবার থেকে শুরু হয়ে, নর্থ কান্ট্রিতে 12 থেকে 18 ইঞ্চি বা তার বেশি তুষারপাত হতে পারে, এবং মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার এবং ক্যাপিটাল রিজিয়নের কিছু অংশে শনিবার পর্যন্ত এক ফুটের বেশি তুষারপাত হওয়ার আশঙ্কা রয়েছে, এবং বৃহস্পতিবার রাতে ও শুক্রবারে সর্বোচ্চ তুষারপাতের হার হতে পারে ঘণ্টায় দুই ইঞ্চি। জমে যাওয়ার মতো ঠাণ্ডা বৃষ্টি বা শিলা এই ঘটনায় উল্লেখযোগ্য পরিমাণ বরফ জমাবে না বলে আশা করা যাচ্ছে। তবে, বৃহস্পতিবার বিকা থেকে শুরু হয়ে যাতায়াতের পরিস্থিতি বিপজ্জনক হবে এবং তুষার স্থানীয় বিদ্যুৎ বিভ্রাট সৃষ্টির জন্য যথেষ্ট ভেজা ও ভারী হতে পারে। গভর্নর হোকল সকল নিউ ইয়র্কবাসীকে তাদের স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করার, বৃহস্পতিবার সন্ধ্যা থেকে শুক্রবার পর্যন্ত পরিবর্তিত হতে থাকা আবহাওয়ার জন্য প্রস্তুত থাকার, এবং প্রভাবিত অঞ্চলে কোনও প্রয়োজনীয় যাতায়াত না করার তাগিদ দিয়েছেন।

"আমি সকল নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি সতর্কতা অবলম্বন করার জন্য এবং বৃহস্পতিবার ও শুক্রবার সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাট ও কঠিন যাতায়াতের জন্য প্রস্তুত থাকার জন্য যেহেতু আপস্টেটের পূর্ব অংশগুলিতে তুষার ও বরফ জমতে পারে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের জরুরি সাড়াদান এজেন্সিগুলি এই ঝড়ের জন্য ভালোভাবে প্রস্তুত আছে এবং আগামী তিনদিন দিনরাত কাজ করবে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য।"

পূর্বাভাসের তুষারপাতের পাশাপাশি, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলে বৃহস্পতিবার বিকাল থেকে শুরু হয়ে শনিবার সকাল পর্যন্ত দুই ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে। এই অধঃক্ষেপণ বৃহস্পতিবার বিকালে একটি শীতকালীন মিশ্রণ হিসেবে শুরু হতে পারে যা সন্ধ্যার যাতায়াতকে প্রভাবিত করতে পারে।

শনিবার পর্যন্ত স্টেটের একাধিক অংশে একাধিক আবহাওয়া সতর্কতা ও উপদেশ জারি করা হয়েছে। আপনার এলাকায় আবহাওয়া সতর্কতার একটি সম্পূর্ণ তালিকার জন্য, জাতীয় আবহাওয়া সেবার (National Weather Service) ওয়েবসাইট ভিজিট করুন।

**নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি সেবা বিভাগের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "আজকে এবং আগামীকাল আপনার স্থানীয় পূর্বাভাসে অধিক মনোযোগ দিন। স্টেটের অধিকাংশ অংশ কমপক্ষে কিছু ইঞ্চি তুষার দেখবে এবং কিছু অঞ্চল এক ফুটের বেশি তুষার দেখবে। শুক্রবার বিশেষ কিছু অঞ্চলে যাতায়াত বিপজ্জনক হতে পারে, তাই আপনাকে যদি বের হতেই হয়, তাহলে যাতায়াতের জন্য হাতে অতিরিক্ত সময় রাখা এবং সকল প্রয়োজনীয় সতর্কতা গ্রহণ নিশ্চিত করুন।"

## নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

**চলাচল:**
নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।

- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

## ভারী কাজকর্ম

ভারী কাজকর্ম, যেমন বরফ সরানো, ধ্বংসাবশেষ পরিষ্কার করা অথবা গাড়ি ঠেলা, ইত্যাদি হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়িয়ে দেয়। সমস্যা এড়াতে:

- উষ্ণ থাকুন, গরম পোশাক পরুন এবং ঘরের বাইরে কাজ করার সময় ধীর গতিতে কাজ করুন।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘন ঘন বিশ্রাম নিন।
- যদি আপনি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা আপনার চোয়াল থেকে আপনার বাহুর দিকে চলে যাওয়া ব্যথা, ইত্যাদি অনুভব করেন -- তাহলে যা করছেন তা করা বন্ধ করুন এবং তাৎক্ষণিকভাবে সাহায্য চান।

## বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে ফোন করুন।

- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

**হিটিং সংক্রান্ত সতর্কতা**

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।
- সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন।
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন।
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
  -উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন।
  -আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
  -শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
  -হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
  -হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য ভিজিট করুন https://dhses.ny.gov/safety।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418